দৈনিক ইনকিলাব

তারিখ NOV. 28 1999

পৃষ্ঠা ৭ কলাম ১

# ইউকসু'র অভিষেক ২ ডিসেম্বর

বুয়েট রিপোর্টার ঃ আগামী ২ ডিসেম্বর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ ইউকসু'র অভিষেক অনুষ্ঠিত হতে যাচ্ছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশের প্রধান বিচারপতি জনাব মোস্তফা কামাল। গত ১০ মার্চ অনুষ্ঠিত ইউকসু '৯৯ নির্বাচনের ৯ মাস পর নির্বাচিত সংসদের অভিষেক হতে যাচ্ছে। বিভিন্ন কারণে বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন ছুটি থাকায় এতদিন অভিষেক হতে পারেনি। এ ব্যাপারে ইউকসু'র জিএস মোহসিউল আদনানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, আনুষ্ঠানিকতাসহ অভিষেক আয়োজন একটি সময় সাপেক্ষ ব্যাপার। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের দীর্ঘ সময়ের ছুটি, এবং পরীক্ষার কারণে ইউকসু'র সীমিত কার্যদিবসে অভিষেক আয়োজন সম্ভব হয়ে ওঠেনি।